

(2)

Ex./BANGLA/PG/2.55A/31/2017

হয়ে উঠতে পারেন না, সে বিষয়ে রবীন্দ্রনাথের যুক্তিটা ঠিক কী? তাঁর সাহিত্যসৃষ্টিতে এই যুক্তির কোনো ব্যতিক্রম চোখে পড়ে কি? ১০

অথবা

৪. জমিদার হিসেবে এবং শ্রীনিকেতন প্রকল্পের স্রষ্টা হিসেবে গ্রামসমাজের অর্থনৈতিক উন্নয়নের জন্যে রবীন্দ্রনাথের ভাবনা ও কর্মপদ্ধতির একটি মূল্যায়ন করো। ৩+৭

৫. শান্তিনিকেতনে ব্রহ্মবিদ্যালয় প্রতিষ্ঠা আর বিশ্বভারতী প্রতিষ্ঠার রবীন্দ্রনাথের শিক্ষাকর্মের কোনো পার্থক্য লক্ষ্য করো কি? তোমার মতামতসহ বিষয়টি আলোচনা করো। ৪+৬

অথবা

৬. 'তপোবন' প্রবন্ধে রবীন্দ্রনাথ যে শিক্ষাদর্শের কথা বলেন সে বিষয়ে তোমার কোনো মন্তব্য আছে? যুক্তি দিয়ে তোমার অবস্থান জানাও। ১০

৭. আইনস্টাইনের সঙ্গে বিশ্বখ্যাত সংলাপে রবীন্দ্রনাথ সত্য ও বাস্তব সম্পর্কে যেভাবে নিজের দার্শনিক অবস্থানটি পরিস্ফুট করেছেন সংক্ষেপে সেটি বুঝিয়ে দাও। ১০

অথবা

৮. ধর্ম ও দর্শন সংক্রান্ত ভাবনায় রবীন্দ্রনাথের কাছে শেষপর্যন্ত সবচেয়ে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে মানুষ। উপযুক্ত রচনার প্রসঙ্গ উল্লেখ করে এই কথাটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

রবীন্দ্রনাথের চিন্তাজগৎ

কোর্স পি. জি. - ২.৫৫এ

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

প্রশ্নগুলি সমমানের।

১. গান্ধীজি ও রবীন্দ্রনাথের মধ্যে তর্কগুলো আসলে রাজনৈতিক তর্ক তেমন নয়, বড়ো অর্থে জীবনদর্শনের প্রভেদ। কথাটির পক্ষে বা বিপক্ষে তোমার মতামত জানাও। ১০

অথবা

২. 'দেশকে আমি সেবা করতে রাজি আছি, কিন্তু বন্দনা করব যাঁকে তিনি ওর চেয়ে অনেক উপরে', 'ঘরে বাইরে' উপন্যাসে নিখিলেশের এই উক্তিকে সামনে রেখে 'দেশ' সম্পর্কে রবীন্দ্রনাথের মনোভাব বুঝিয়ে লেখ। ১০

৩. 'ধর্-না-কেন, আমি যদি আমার ন'দিদি হতুম তবে কি এমনি আমার জায়গায় আমি উঠতে পারতুম।' রানী চন্দের কাছে এ কথা রবীন্দ্রনাথ বলেছিলেন তাঁর শেষ বয়সে। স্বর্ণকুমারী কেন কিছুতেই 'রবীন্দ্রনাথ'

(Turn over)